



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

কারণ দর্শানো নোটিশ

নং-৩১০/ক/স্বা/০৩/ ৪৫২

তারিখ : ০৫/০২/২২

বিষয় : এমপিও ভুক্ত প্রধান শিক্ষক নিয়োগ দান প্রসংগে।

সূত্র: (ক) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.২৭৯ তারিখ: ২৫/১১/২০১৮

(খ) জনাব দিলীপ দাস, ছাত্র অভিভাবক এর আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন 'উদয়ন বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়'-এ এম.পি.ও বিহীন অধ্যক্ষের স্থলে এম.পি.ও ভুক্ত প্রধান শিক্ষক নিয়োগ করার জন্য বোর্ডের গত ১১/০৭/২০১৮ তারিখের ৬৭৮ নং এবং ০১/১০/২০১৮ তারিখের ২১৯ নং স্মারকে নির্দেশনা ও কারণ দর্শানো নোটিশ দিলেও আপনি অদ্যাবধি এ ব্যাপারে কোন ব্যবস্থা নেননি। বোর্ড ও মন্ত্রণালয়ের নির্দেশ অমান্য করে আপনি বেসরকারি চাকুরী বিধি ভংগ করেছেন। এমতাবস্থায়, এই পত্র ইস্যুর তারিখ হতে আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে তার কারণ ব্যাখ্যা করার জন্য আপনাকে চূড়ান্তভাবে নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, উক্ত কলেজের পাঠদান বাতিলসহ বিধি মোতাবেক আপনার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

উদয়ন বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় {EIIN-109496}

কাশিয়ানী, গোপালগঞ্জ